

[2]

Ex/ARTS/BANG/UG/MINOR/TH/11/101A/2024

কলা স্নাতক অন্ত্য-সেমেষ্টার পরীক্ষা, ২০২৪

(প্রথম বর্ষ, প্রথম সেমেষ্টার)

বাংলা

কোর্স : ইউ.জি. মাইনর ১১/১০১এ

বাংলা সাহিত্যের ইতিহাস - প্রাচীন ও মধ্যযুগ

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। (১০×৩)

- ১। চর্যাপদ কত খ্রিস্টাব্দে কার সম্পাদনায় প্রথম গ্রন্থাকারে মুদ্রিত হয়? চর্যাপদে সমকালীন বাংলার সমাজ ও সংস্কৃতি কীভাবে প্রতিফলিত হয়েছে বুঝিয়ে দাও। ১+৯

অথবা

- ২। প্রাক্‌চৈতন্যযুগের মনসামঙ্গল কাব্যের দুইজন কবির নাম লেখো। রচয়িতার নামসহ যেকোনো দুটি অপ্রধান মঙ্গলকাব্যের নাম লেখো। বাংলা মঙ্গলকাব্যের লক্ষণগুলি আলোচনা করো। ১+২+৭
- ৩। মালাধর বসুর 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যটি কত খ্রিস্টাব্দে রচিত? কৃত্তিবাসী রামায়ণে বাংলার জীবন-সংস্কৃতির যে পরিচয় পাওয়া যায়, তা নিজের ভাষায় লেখো। ১+৯

অথবা

- ৪। প্রাক্‌চৈতন্যযুগের ও চৈতন্যপরবর্তীযুগের যে কোনো দুই জন বৈষ্ণব পদকর্তার নাম লেখো। চৈতন্য সমসাময়িক বৈষ্ণব পদাবলির বিশিষ্টতার দিকগুলি আলোচনা করো। ১+১+৮

- ৫। নাথসাধক সম্প্রদায়ের সাধন বিশ্বাসের মূল কথাগুলি সূত্রাকারে লেখো। নাথধর্মসাধনার ভিত্তিতে গোরক্ষনাথের কাহিনির গুরুত্ব আলোচনা করো।

অথবা

- ৬। শাক্তপদাবলি সাহিত্যের উদ্ভবের সামাজিক পটভূমির পরিচয় দাও। শাক্তপদাবলির সাহিত্যমূল্য সম্পর্কে আলোচনা করো।
- ৭। গীতিকা ও ব্যালাডের পার্থক্য নির্ণয় করো। গীতিকা সংগ্রহের ও সংরক্ষণের প্রয়োজন কেন আলোচনা করো। ৪+৬

অথবা

- ৮। 'মহুয়া' পালার কাহিনিটি বিশ্লেষণ করো। এই পালাটিতে লোকসাহিত্যের খোঁজ কীভাবে পাওয়া যাবে লেখো। ৫+৫

[Turn over